5

2021-22

# খোয়াই

ISSN 2319 – 8389, Vol : 44, Issue : 44

KHOAI
UGC Care Listed Journal
Art and Humanities
Tri - Annual Journal



সংখ্যা ৪৪ : ২২ শ্রাবণ, ১৪২৮

শান্তিনিকেতন

ISSN 2319 – 8389, Vol : 44, Issue : 44

**KHOAI**
**UGC Care Listed Journal**
**Art and Humanities**
**Tri - Annual Journal**

# খোয়াই

সাহিত্য ও সংস্কৃতি-মূলক সংকলন

সম্পাদক

কিশোর ভট্টাচার্য

সংখ্যা ৪৪ : ২২ শ্রাবণ, ১৪২৮
শান্তিনিকেতন

*ISSN 2319 – 8389, Vol : 44, Issue : 44*

**KHOAI**
**UGC Care Listed Journal**
**Art and Humanities**
**Tri - Annual Journal**

# KHOAI

## *A Collector on Literature and Culture*

*Chief Editor*
**Kishore Bhattacharya**

**VOLUME 44**
**8 August, 2021**

**SANTINIKETAN, BIRBHUM, PIN- 731235, W.B. INDIA**

*ISSN 2319 – 8389* *Vol : 44, Issue : 44, 8TH August, 2021*

# KHOAI

## UGC Care Listed Journal
## Editorial Board of the KHOAI
## AUGUST 2021

**Chief Editor :**

Kishore Bhattacharya, Adhyapaka, Patha - Bhavana, Visva - Bharati, Post: Santiniketan, Dist: Birbhum, Pin 731235, West Bengal

Email: kishoresantiniketan@gmail.com, Mobile: 9434432400

**Associate Editor :**

Prof. Amal Pal Director (Rabindra - Bhavana) Visva - Bharati, Santiniketan

Prof. Nikhilesh Chowdhury, Former Principal. Sangit Bhavana, Visva - Bharati, Santiniketan

Dr. Sanat Bhattacharya, Assistant Librarian, Visva - Bharati, Santiniketan

**Co - editor :**

Srimati Chandrani Mukhopadhyay, Adhyapika, Patha - Bhavana, Visva - Bharati, Santiniketan

**Editorial Advisory Board :**

Bengali : Prof. Utpal Mandal, Department of Bengali, North Bengal University

Bengali : Prof. Aloke Chakraborty, Department of Bengali, Burdwan University

Bengali : Prof. Prakash Kumar Maity, Department of Bengali, Benaras Hindu University

Bengali : Prof. Moonmoon Gangyopadhyay, Department of Bengali, Rabindra Bharati University

Bengali : Dr. Atanu Sashmal, Associate Professor, Department of Bengali, Visva - Bharati, Santiniketan

Bengali : Prof. Sucharita Bandyopadhyay, Department of Bengali, Kolkata University

Sanskrit : Prof. Kalpika Mukhopadhyay, Former HoD, Department of Sanskrit, Visva - Bharati

Political Science : Dr. Aditya Narayan Mishra, Aurobindo College, Delhi University

Nilanjan Bandyopadhyay, Rabindra - Bhavana, Visva - Bharati, Santiniketan

Pfof. Uday Bhattacharya- Library and information Science Dept., Jadavpur University, Kolkata

**Editorial Assistant :**

Tarit Roychoudhury, Adhyapaka, Patha - Bhavana, Visva - Bharati, Santiniketan

Subhajit Chatterjee, Research Scholar, Dept. of Japanese, Bhasha - Bhavana, Visva - Bharati, Santiniketan

# সূচীপত্র


| | | |
|---|---|---|
| সম্পাদকীয়- | | |
| ভারতীয়সংস্কৃতি ভাবনায় উপনিষদ্ ও রবীন্দ্রমননের সমন্বয়সাধন- | অর্পিতা নাথ | ৯ |
| এখনো বয় বাঙালী উদ্বাস্তু নারীর সাংস্কৃতির ধারা- | অলোক কুমার বিশ্বাস | ১৬ |
| ভক্তি-আন্দোলনের পটভূমিতে অসমীয়া ও বাংলা সাহিত্য- | পল্লবী সাহা ও ড. সঙ্গীতা শইকীয়া | ২২ |
| ভারতের সংস্কৃতি অনুরাগী একজন বিশিষ্ঠ ইংরেজ- | ড. সনৎ ভট্টাচার্য | ২৯ |
| মহিলা ডাক্তার হৈমাবতী সেন পুনঃদর্শন- | পলাশ দে | ৩২ |
| পশ্চিমবঙ্গের সমাজ ও সংস্কৃতির প্রেক্ষিতে ঘাড় নাড়া মাটির পুতুল- | শুভঙ্কর মণ্ডল | ৪২ |
| প্রাত্যহিক প্রলয় : সোমেন চন্দের 'বন্যা' উপন্যাসে 'বিত্তহীন মধ্যবিত্ত'-র আবহমান দুর্দশা- | অর্যমা ঘোষ | ৪৮ |
| টিনের তলোয়ার বঞ্চিত-নটীদের সিম্বল-কাহিনীর রূপরেখাঃ একটি সমাজতাত্ত্বিক বিশ্লেষণ- | মৌ চক্রবর্তী | ৫৪ |
| তারাশঙ্করের গল্পে প্রবৃত্তি রূপা নিয়তির ভূমিকা॥- | তাপস মণ্ডল | ৫৯ |
| সমরেশ বসুর 'তিনপুরুষ' ঃ এক সহিষ্ণু রাজনৈতিক কর্মীপুরুষের আত্মজিজ্ঞাসার অনুসন্ধান- | মহেবুব হোসেন | ৬৬ |
| প্রেমেন্দ্র মিত্রের কবিতা ''হারিয়ে''- দার্শনিক দৃষ্টিতে- | স্বপন মাল | ৭৮ |
| নিসর্গ ও নীল পাথরের আকাশ : কবি মণীন্দ্র গুপ্তের উপলব্ধির জগৎ- | মধুপর্ণা মুখার্জী | ৮৪ |
| বিশ্বশান্তি প্রতিষ্ঠায় বাউল মতের গুরুত্ব ও অপ্রয়োজনীয়তা- | মোঃ আব্দুল্লাহ আল মামুন | ৯০ |
| তিস্তা-ব্রহ্মপুত্র উপত্যকা : শব্দতত্ত্বের আড়ালে ইতিহাস- | ভাস্কর রায় | ১০২ |
| 'মনসামঙ্গল' কাব্যে ছদ্মপরিচয় প্রসঙ্গ- | অনিতা মণ্ডল | ১১৪ |
| Breaking The Shackles : Growth Of Nationalism And Feminism In Colonized India : A Comparative Study Of Fanny Parkes's *Wanderings Of A Pilgrim In Search* Of The *Picturesque* And Sri Aurobindo's *Savitri*- | By Arijit Goswami | ১২০ |
| In Search of a Human Truth: Reading Some English Writings of Rabindranath Tagore Composed during Last Forty Years of the Poet's Life (1901-1941)- | Dr. Abhisek Bhattacharya | ১২৪ |
| ঘরবন্দি- | কৃত্তিকা ভট্টাচার্য | ১৩০ |
| মধুবনী চিত্রকলায় নারী মনন- | মুনমুন বন্দ্যোপাধ্যায় | ১৩১ |
| বাংলা মঙ্গলকাব্যে নারীর প্রতিবাদী সত্তা- | বাপী নস্কর | ১৩৭ |
| রবীন্দ্রকবিতা পাঠ: 'The Child'ও শিশুতীর্থ : চিরকালীন মানবের জয়গান- | প্রাপ্তি চক্রবর্তী | ১৪৩ |
| বিস্মৃত প্রায় সাহিত্যিক ও সম্পাদক জলধরসেন- | পৌলোমী মালিক | ১৪৮ |
| আঞ্চলিক, স্থানিক ও ক্ষুদ্র ইতিহাসের প্রেক্ষিতে কিশোরীলাল সরকারের হেতমপুর-কাহিনী- | অরিজিৎ প্রামাণিক | ১৫৭ |
| Are the high and Low Emotionally Intelligent Adolescents differing in their Perceived Parenting Styles ?- | Proloyendu Bhoumick & Rajesh Kumar Saha | ১৬৩ |
| The great Indian Hindustani classical Vocalist : Ustad Ghulam Mustafa Khan- | Dr. Tanmoy Pal | ১৬৯ |
| নারায়ণ গঙ্গোপাধ্যায়ের 'রামমোহন' নাটক - | তড়িৎ রায়চৌধুরী | ১৭৩ |
| উত্তরবঙ্গের ভৌগোলিক পরিবেশ- | কালীকৃষ্ণ সূত্রধর | ১৭৭ |
| Academic Motivation Of The Students During Covid 19 Pandemic : Role Of Locus Of Control- | Uttam Kumar Mukhopadhyay, Dr. Apurba Biswas | ১৮৪ |
| Utilization Of Educational Facilities At The Primary Schools Of Border Area In North24pargan's- | Madhusudan Biswas & Apurba Biswas | ১৯৩ |
| রবীন্দ্রনাথ ঠাকুরের 'ডাকঘর': শৈলীর স্বরূপ-সন্ধান- | ড. অর্ধেন্দু সরকার | ২০০ |
| Characteristic Techniques of Hindustani Raga *Sangeet* and the | | |

# নিসর্গ ও নীল পাথরের আকাশ : কবি মণীন্দ্র গুপ্তের উপলব্ধির জগৎ

মধুপর্ণা মুখার্জী

নিসর্গের সঙ্গে একাত্ম হয়ে আছেন বাংলাদেশের যে কবিরা, তাঁদের তালিকা নিতান্ত ছোটো নয়। কিন্তু আলোচনা দীর্ঘ থেকে দীর্ঘতর হবে যদি তাঁদের আস্বাদনের স্বকীয়তা চিনে নিতে যাই। কেউ পল্লীবাংলার কবি, কেউ প্রকৃতি থেকে শৈশবের বিচ্ছিন্নতা সুদে-আসলে উসুল করেছেন পরিণত বেলায়। কেউ বা প্রকৃতি-লগ্ন হয়ে অনেকটা গাছের মতোই রহস্যনিবিড়তায় সৃষ্টি করে গেছেন কালজয়ী সাহিত্য। বর্তমান নিবন্ধের সন্ধান কবি মণীন্দ্র গুপ্তের (১৯২৬-২০১৮) প্রথম একক কবিতাগ্রন্থ (তার কুড়ি বছর আগে *আমরা তিনজন* নামে সুনীল বসু ও ভগীরথ মুখোপাধ্যায়ের সঙ্গে তাঁর যৌথ কাব্যগ্রন্থ প্রকাশিত হয়) নীল পাথরের আকাশ (১৯৬৯)-এ নিসর্গ ও কবির উপলব্ধির জগৎ। তিনি মূলত পঞ্চাশের কবি হিসাবেই চিহ্নিত। যদিও বহুচর্চার আলো বা অন্ধকার কোনোটাই তাঁকে আচ্ছাদিত করেনি। পূর্ববাংলার গৈলা গ্রামে জীবনের প্রথম আট বছর কাটিয়ে মণীন্দ্র গুপ্তকে চলে যেতে হয়েছিল বরাক উপত্যকায়, মূলত দিদিমার তত্ত্বাবধানে। বালকবেলা ফেলে রেখে কিশোরবেলার হাত ধরে সেই আস্তানা বদল নিঃসন্দেহে তাঁর জীবনের বাঁকবদল। বিশেষ করে মায়ের ছায়া তাঁর জীবনে আক্ষরিকভাবেই 'ছায়া' মাত্র হয়ে থাকায়, অবশ্যই সেই অভাব পূরণে প্রতিবেশের একটা ভূমিকা ছিলই। তবে মাত্র দশমাস বয়সে মাকে হারানো একটি শিশুর পক্ষে আশীর্বাদ না অভিশাপ, সে চর্বিতচর্বণে না গিয়ে ভাবা যাক বনের সবুজ বিষভরা কাঁচা বাঁশের চোঁচ দিয়ে যার নাড়ি কাটা হয়েছিল, সেই শিশু মায়ের বুকে আগলানো ভালোবাসার বদলে প্রকৃতির নিবিড়তায় কোল পেয়েছিল। তাই পড়শির সহানুভূতিময় বিলাপ তার মনে জন্ম দিয়েছিল এমন কিছু হারানোর দুঃখের, যা পাওয়ার মূল আনন্দটাই ছেলেটির জানা হয়নি। সেই একলা ছেলে ঠাকুর্দা-ঠাকুমার যত্নে, স্বাধীনভাবে যখন সাতবছরের হয়ে উঠেছে তখনই মৃত্যু স্পষ্ট চেহারায় সামনে এসে দাঁড়াল। মাত্র চোদ্দোদিনের ব্যবধানে দুই প্রিয় অভিভাবক-শূন্য হল মণীন্দ্রের জীবন। তিনি গেলেন শিলচরে দিদিমা-দাদুর আশ্রয়ে। ভিন্ন প্রতিবেশে। কিন্তু ভাগ্য আপাত প্রতিকূল হল সেখানেও। সংসারের নিবিড়তায় শিকড় বসানোর শুশ্রূষা পেলেন না তিনি।

ঘর যখন ভুলিয়ে বাঁধে না জীবনকে, বাইরে তখন আনন্দের উৎস নিজেকে উজাড় করে ডাক পাঠায়। যদিও ঘরের বাঁধন কেউ কেউ আবার হেলায় ভাসাতে পারে তারও প্রমাণ বিরল নয়, কী সাহিত্যে কী জীবনে। তবে সেই আনন্দধারায় শুচিস্নিগ্ধ হওয়ার শক্তি সবার থাকে না, মণীন্দ্রের ছিল। সেই আনন্দ অবচেতনে সংগ্রহ করেছিলেন তিনি। *নীল পাথরের আকাশ* কবিতাগ্রন্থে তাঁর সেই প্রকৃতিমগ্নতা ছাপ রেখে গেছে। মাত্র তেইশটি কবিতার আধারে বইটি প্রথম প্রকাশিত হয়েছিল বৈশাখ ১৩৭৬-এ। এখানে বলে নেওয়া দরকার পরবর্তী সময়ে *কবিতাসংগ্রহ* (১৯৯৪, 'পরমা' সংস্করণ) প্রকাশের কালে মণীন্দ্র গুপ্ত মূল গ্রন্থ থেকে আটটি কবিতা বাদ দেওয়ায় বর্তমানে *নীল পাথরের আকাশ* কবিতাগ্রন্থে কবিতার সংখ্যা দাঁড়িয়েছে পনেরোটি। আমরা মূলত কবির ইচ্ছাকে সম্মান জানিয়ে নতুন চেহারা নেওয়া *কবিতাসংগ্রহ*-এর (এক্ষেত্রে ২০১১-র আদম সংস্করণ) পাঠেই সীমায়িত রাখব বর্তমান আলোচনা। কারণ ১৯৯৪ সালে প্রথম পরমা প্রকাশনার *কবিতাসংগ্রহ*-এর ভূমিকায় তিনি লিখেছিলেন